গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
(বিজনেস প্রমোশন অনুবিভাগ)
www.boesl.gov.bd

# বোয়েসেল-এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: বিল্লাল হোসেন<br>ব্যবস্থাপনা পরিচালক<br>(অতিরিক্ত সচিব) , বোয়েসেল। |
| সভার তারিখ | : | জানুয়ারি ২৫, ২০২২ খ্রি. |
| সভার সময় | : | দুপুর ১২:৩০ ঘটিকা। |
| স্থান | : | বোয়েসেল সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : | সংযুক্ত পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। কোভিড পরিস্থিতির-এ নাজুক সময়ে সভায় আগত সকল অংশীজন ও অতিথিবৃন্দদের সমন্বয়ে এ অংশীজন সভার স্বাস্থ্যবিধি মেনে যোগদান করার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন, স্বল্প ব্যয়ে, নৈতিক, নিরাপদ ও Responsible & Orderly Migration-এর ক্ষেত্রে বোয়েসেল অত্যন্ত স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে কাজ করে যাচ্ছে। বোয়েসেল-এর প্রতিষ্ঠা থেকে অদ্যবধি বিভিন্ন দেশে ১,১৫,০০০ (এক লক্ষ পনের হাজার)-এর অধিক কর্মী প্রেরণ করা হয়েছে। এক্ষণে সভায় উপস্থিত বিভিন্ন দেশের কর্মী নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি, গবেষণা বিষয়ক ও সামাজিক প্রতিষ্ঠান, এনজিও সংগঠন, সেবা গ্রহিতা, অভিবাসন কাজে নিয়োজিত কনসালটেন্ট এর প্রতিনিধিগণের মূল্যবান বক্তব্য, পরামর্শ, মতামত বোয়েসেল-এর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

২.০। সভায় উপস্থিত বোয়েসেল-এর মহাব্যবস্থাপক আলোচনায় বলেন, অভিবাসী কর্মী প্রেরণে যারা মাঠ পর্যায়ে কাজ করেন তাদের মতামত ও পরামর্শ অনস্বীকার্য। অত:পর সভার সভাপতি সভায় আগত বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপভোগ করেন। সভায় বিএনএসকে-এর নির্বাহী পরিচালক জনাব সুমাইয়া ইসলাম, মাইগ্রেশন প্রোগ্রাম ব্র্যাক-এর সিনিয়র ম্যানেজার জনাব মো: আমিনুল ইসলাম, উইনরক ইন্টারন্যাশনাল-এর প্রতিনিধি রিজিওনাল কোর্ডিনেটর জনাব শাহিনুর আক্তার, ইউ এন-উইমেন-এর প্রতিনিধি প্রোগ্রাম সাপোর্ট অফিসার জনাব ফাহমিদা জান্নাত সভায় তাদের অত্যন্ত সাবলীল, তথ্য সমৃদ্ধ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। পাওয়ার পয়েন্ট উপস্থাপন শেষে উপস্থিত অংশীজন মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন। এসব উপস্থাপনায় বাংলাদেশী কর্মীদের নিরাপদ প্রেরণ, সাশ্রয়ী ব্যয় এবং বিশেষ করে যারা কোভিড অতিমারির কারণে দেশে ফেরত এসেছেন তাদের রি-ইন্টিগ্রেশন বিষয়ে মতামত ও সুপারিশ তুলে ধরা হয়।

৩.০। সভার সিদ্ধান্তসমূহ :

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিএনএসকে-এর নির্বাহী পরিচালক জনাব সুমাইয়া ইসলাম সভায় অবহিত করেন, নারীর অধিকার, নির্ভরশীলতা, জেন্ডার সমতা, হিউম্যান রাইটস ইত্যাদি বিষয়ে তার প্রতিষ্ঠান কাজ করে যাচ্ছে। নিরাপদ অভিবাসনের ক্ষেত্রে বোয়েসেল একটি উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি Labour Attache, নিয়োগকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি ও শ্রমিকদের মধ্যে Communication Gap দূর করার আহ্বান জানান। | সেনডিং এজেন্সি, রিসিভিং এজেন্সি/নিয়োগকর্তা, লেবারএটাসি, শ্রমিকদের মধ্যে Communication Gap দূর করা ও তাদের মধ্যে সমন্বয় সাধন করতে হবে। সংশ্লিষ্ট সকলের কার্যকরী যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ২ | ব্র্যাক মাইগ্রেশন-এর সিনিয়র ম্যানেজার জনাব আমিনুল ইসলাম বলেন, স্বচ্ছতার সাথে কর্মী নিয়োগের লক্ষ্যে কর্মীদের ভাষাগত প্রশিক্ষণ, Hard skill, Soft skill, Market survey, Dependency, Human Trafficking, Hotline Service, জনসচেতনতা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | দক্ষ কর্মী প্রেরণে আধুনিক মানসম্মত ট্রেনিং-এর ব্যবস্থা করতে হবে। | স্ব স্ব প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ |
| ৩ | উইনরক ইন্টারন্যাশনাল-এর প্রতিনিধি জনাব শাহিনুর আক্তার উল্লেখ করেন, তার প্রতিষ্ঠান Partnership, Protection, Counseling, Life Skill Training, Follow up, বাল্য বিবাহ, পুনর্বাসন ইত্যাদি বিষয়ে কাজ করে থাকে। তিনি অভিবাসন | বিদেশগামী কর্মীদের জন্য জনসচেতনতামূলক প্রোগ্রাম বাস্তবায়ন করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত ও কর্মরত বিভাগ/প্রতিষ্ঠান |

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিষয়ক volunteer তৈরীর মাধ্যমে বোয়েসেল-এর কার্যক্রমকে গতিশীল করার জন্য আহ্বান জানান। | | |
| ৪ | চেঞ্জ মেকারস-এর সিইও জনাব এডভোকেট তানভীর সিদ্দিকী সভায় অবহিত করেন, Irregular, Returnee Deported অভিবাসীদের বিষয়ে উল্লিখিত বিভিন্ন সমস্যা সরকারকে সমাধান করতে হবে। এ বিষয়ে তিনি প্রশাসনিক Enforcement-এর বিষয়ে গুরুত্বারোপ করেন। | জনসচেতনতার পাশাপাশি প্রশাসনকে Enforcement-এর বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। | সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তৃপক্ষ |
| ৫ | ইউ এন-উইমেন-এর প্রতিনিধি জনাব ফাহমিদা জান্নাত সভায় উল্লেখ করেন, তার প্রতিষ্ঠান পিছিয়ে পড়া নারীদের নিয়ে কাজ করে। Income security, Decent work, Re-entry Worker, Up-Skilling, Up-Rising, Health Policy নিয়ে কাজ করে যাচ্ছে। জর্ডান গমনেচ্ছুক নারীরা যাতে দেশে ফিরে স্বাবলম্বী হতে পারে সেই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আহ্বান জানান। | জর্ডান ফেরত নারীদেরকে স্বাবলম্বী হওয়ার বিষয়ে সহযোগিতা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষ |
| ৬ | বোমসা-এর জেনারেল সেক্রেটারি জনাব রোমানা সভায় বলেন, শ্রমিকদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেওয়ার জন্য বোয়েসেল অফিসকে Decentralize করতে হবে এবং গন্তব্য দেশে কর্মীদের মানসম্মত খাবারের ব্যবস্থাসহ বিমান ভাড়া কমানোর বিষয়ে গুরুত্বারোপ করেন। | গন্তব্য দেশে কর্মীদের মানসম্মত খাবারের ব্যবস্থাসহ বিমান ভাড়া কমানোর ব্যবস্থা করতে হবে। BOESL-কে Decentralize- করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে। | বোয়েসেল কর্তৃপক্ষ |
| ৭ | আইআইডিই-এর সিইও জনাব সাইদ আহমেদ সভায় অবহিত করেন, বিভিন্ন এনজিও, গবেষণা প্রতিষ্ঠান বোয়েসেল-এর সাথে পার্টনারশিপ হিসেবে কাজ করতে পারে। এ ছাড়া কোভিড পরিস্থিতিতে স্বাস্থ্য সচেতনতার জন্য মাস্ক, হ্যান্ড সেনিটাইজার, খাবার, কাউন্সেলিং, হার্ড স্কিল, সফট স্কিল, ট্রেনিং ইত্যাদি বিষয়ে পদক্ষেপ নেওয়া জরুরি বলে তিনি মনে করেন। | বিদেশগামী কর্মীদের ট্রেনিং এবং ট্রেনিং-এর Infrastructure Develop করার জন্য মেশিন, প্রয়োজনীয় টুলস স্থাপন ইত্যাদি বিষয়ে এনজিও বা অন্যান্য প্রতিষ্ঠান বোয়েসেলকে সহযোগিতা করতে পারে। | সংশ্লিষ্ট এনজিও এবং নিয়োগকারী প্রতিষ্ঠান |
| ৮ | Classic Fashion, Jordan-এর আবাসিক প্রতিনিধি জনাব সালমা নিপা বলেন, বিদেশগামী কর্মীদের বিদেশ গমনের পূর্বে সচেতনতামূলক ব্রিফিং প্রদান করতে হবে। জিয়া এপারেল-এর প্রতিনিধি মেজর জনাব জিয়াউল হাসান বলেন, এনজিও প্রতিষ্ঠানসমূহকে বিদেশগামী কর্মীদের প্রতি সহযোগিতার হাত বাড়াতে হবে। মানসম্মত খাবার, মাস্ক বিতরণ ও সুচিকিৎসার পাশাপাশি কর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য এনজিওসমূহ বিশেষ প্রণোদনার ব্যবস্থা করতে পারে। | মানসম্মত খাবার, মাস্ক বিতরণ ও সুচিকিৎসার পাশাপাশি কর্মীদের দক্ষতা উন্নয়নের জন্য এনজিওসমূহকে বিশেষ প্রণোদনার ব্যবস্থা করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও/ সামাজিক ও গবেষণা প্রতিষ্ঠান |
| ৯ | সভার সভাপতি বিভিন্ন দেশে বোয়েসেল-এর কর্মী প্রেরণের সর্বশেষ তথ্য অংশীজনদের অবহিত করেন। তিনি বলেন নিরাপদ, নৈতিক, কম খরচে অভিবাসন এবং জনসচেতনতা ও অধিকসংখ্যক কর্মী প্রেরণের লক্ষ্যে বোয়েসেল বিভিন্ন জেলায় জব ফেয়ার ও অবহিতকরণ সভা, লিফলেট বিতরণ, পেপার, নিউজ মিডিয়া, সোসাল মিডিয়া ও অন্যান্য সকলক্ষেত্রে প্রচারনা চালিয়ে যাচ্ছে। এছাড়া দেশের ৮টি বিভাগে বোয়েসেল-এর শাখা অফিস খোলার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারদের পত্র দেওয়া হয়েছে। তিনি অভিবাসন কার্যক্রমকে দ্রুত, স্বচ্ছতা, জনবান্ধবমূখী করার জন্য প্রস্তাব পেশ করেন। | প্রস্তাবসমূহ:<br>ক) বিএমইটির স্মার্ট কার্ড অনলাইনে বিদেশগামী কর্মীর নিকট প্রেরণ।<br>খ) PKB থেকে ৩-৪ দিনে অভিবাসীদের জন্য লোনের ব্যবস্থা।<br>গ) এয়ারপোর্টে অভিবাসীদের জন্য ওয়েজ আর্নার্স বোর্ড কর্তৃক আধুনিক 'ওয়ান স্টপ হেল্প ডেস্ক' স্থাপন।<br>ঘ) মেডিকেল টেস্ট রেজাল্ট অন লাইনে প্রেরণ।<br>ঙ) সকল সরকারি-বেসরকারি টিটিসিতে দক্ষতা সম্পন্ন কর্মী গড়ে তোলার জন্য আধুনিক ও মানসম্মত ট্রেনিং এর ব্যবস্থা গ্রহণ।<br>চ) এনজিওগুলোকে মাঠ পর্যায়ে কাজের পরিধি বৃদ্ধিকরণ।<br>ছ) সকল Stakeholder (Worker, Recruiter, Sending Agency, NGO, Labour Attache) অভিবাসন কাজে নিয়োজিত বিভিন্ন সংস্থা সকলকে দায়িত্বশীলতার পরিচয় দিতে হবে। | সংশ্লিষ্ট এনজিও এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বা:

মো: বিল্লাল হোসেন
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ও সভার সভাপতি, বোয়েসেল, ঢাকা

স্মারক নং-৪৯.০২.০০০০.০০৬.০৫.০০১.২১/ ১২২(ক)

তারিখ: ২৫.০১.২০২২ খ্রি.

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। নির্বাহী পরিচালক, রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্স ইউনিট (রামরু), ৩/৩ই, বিজয় নগর, ঢাকা।
৪। ন্যাশনাল প্রোগ্রাম ম্যানেজার, ইউ এন-উইমেন, বাড়ি-০৩, রোড-১২২, গুলশান-২, ঢাকা।
৫। প্রোগ্রাম গেড, মাইগ্রেশন প্রোগ্রাম, ব্র্যাক সেন্টার (১২তলা), ৭৫ মহাখালী , ঢাকা।
৬। ন্যাশনাল প্রোগ্রাম অফিসার, আইওএম, বাড়ি-১৩এ, রোড-১৩৬, গুলশান-১, ঢাকা।
৭। কান্ট্রি ডিরেক্টর, আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও), ঢাকা।
৮। পরিচালক, ওয়ারবি ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, বাড়ি-১৫৫ বি (৪র্থ তলা), রোড-২২, ডিওএইচএস, মহাখালী, ঢাকা।
৯। পরিচালক রাইটস্ , মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ি-১২২, রোড-১, ব্লক-এফ, বনানী মডেল টাউন, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, বাংলাদেশ অভিবাসী মহিলা শ্রমিক এসোসিয়েশন (রোমসা), ১৩২ দারুস সালাম, ঢাকা।
১১। সেক্টর প্রধান, অধিকার ও সামাজিক ন্যায় বিচার, একশন এইড বাংলাদেশ, বাড়ি-১০৮, নির্বাহী পরিচালক, গুলশান-২, ঢাকা।
১২। প্রোগ্রাম ম্যানেজার, উইনরক ইন্টারন্যাশনাল, বাড়ি -০৭, রোড-১১, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা।
১৩। পরিচালক, সিডব্লিউসিএ, ৯২, ইস্কাটন রোড, ঢাকা।
১৪। নির্বাহী পরিচালক, টিএমএসএস, ৬৩১/৫, পশ্চিম কাজীপাড়া, ঢাকা।
১৫। পরিচালক, অভিবাসী কর্মী কল্যাণ ফাউন্ডেশন (ওকাফ), ২০০, মালিবাগ রোড, ঢাকা।
১৬। সিইও, আইআইডি, ঢাকা।
১৭। নির্বাহী পরিচালক, বাংলাদেশ নারী শ্রমিক কেন্দ্র (বিএনএসকে), ফ্লাট-৪/এ, ৩৫/১৭, রোড-৪, শ্যামলী, ঢাকা।
১৮। পরিচালক, চেঞ্জ মেকারস, কক্ষ-৩১৬, ১৫৫ শান্তিনগর, ঢাকা-১২১৭।
১৯। পরিচালক, হেলভিটাস সুইস লিমিটেড কর্পোরেশন, বাড়ি-৩০, রোড-৪২/৪৩, গুলশান-২, ঢাকা।
২০। সহকারী মহাব্যবস্থাপক-তদুর্ধ্ব কর্মকর্তা, বোয়েসেল, ঢাকা।
২০। উপমহাব্যবস্থাপক (সকল) বোয়েসেল, ঢাকা।
২১। পিএস টু এমডি (এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য), বোয়েসেল, ঢাকা।
২২। পিএ টু ইডি (ইডি মহোদয়ের সদয় অবগতির জন্য), বোয়েসেল, ঢাকা

25-01-2022

মোহাম্মদ আলম হোসেন
উপ-মহাব্যবস্থাপক (ব্যবসা উন্নয়ন)
ও

সদস্য, নৈতিকতা কমিটি
বোয়েসেল, ঢাকা।